

# বাংলাদেশ পোশাক প্রস্তুত কারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, ব্লক # এইচ ১, সেক্টর # ১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/শ্রম/২০২২/১১

তারিখ : ১১ মে ২০২২ইং

## সকল সম্মানিত সদস্যের জন্য


বিষয়ঃ শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পকে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ১০০,১০২ এবং ১০৫ এর বিধানের প্রয়োগ হতে ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পকে বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধারা ১০০,১০২ এবং ১০৫ এর বিধানের প্রয়োগ হতে ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করে একটি প্রজ্ঞাপন জারী করে। জারীকৃত প্রজ্ঞাপনটির নম্বর : ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৮.১৭.৪৯; তারিখ : ২৮ বৈশাখ ১৪২৯/১১ মে ২০২২।

আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় জ্ঞাতার্থে জারীকৃত প্রজ্ঞাপনটির কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান  
মহা সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
মজুরী বোর্ড শাখা  
www.mole.gov.bd



নম্বর: ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৮.১৭.৪৯

তারিখ: ২৮ বৈশাখ ১৪২৯

১১ মে ২০২২

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন)  
-এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে ১৭ এপ্রিল ২০২২ হইতে পরবর্তী ০৬ (ছয়) মাসের  
জন্য শতভাগ রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পকে উক্ত আইনের ধারা ১০০, ১০২ এবং ১০৫ এর বিধানের প্রয়োগ হইতে নিম্নো  
ক্ত শর্তে অব্যাহতি প্রদান করিল:

**শর্তাবলীঃ**

- ১। বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর পঞ্চদশ অধ্যায়ের ২১৪ নম্বর বিধি অনুযায়ী কেন্দ্রীয় তহবিলে নির্দিষ্ট হারে  
অর্থ প্রদান করিতে হইবে;
- ২। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;
- ৩। কোনো শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতীত কোনো কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘণ্টার অধিক সময় কাজ  
করানো যাইবে না;
- ৪। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে মজুরী প্রদান করিতে হইবে;
- ৫। বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;
- ৬। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;
- ৭। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মানিয়া কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে;
- ৮। প্রযোজ্য ক্ষেত্রে করোনা ভাইরাস ( কোভিড-১৯ ) সংক্রমণ সংশ্লিষ্ট বিষয়ে সময়ে সময়ে জারীকৃত সরকারি সিদ্ধান্ত  
/ নির্দেশাবলী পরিপালন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১১-৫-২০২২

শাহানা জামান

উপসচিব

ফোন: ৯০১৪৮১৫

ফ্যাক্স: ৯৫৭৫৫৮৩

ইমেইল: section6@mole.gov.bd